

সংবাদ বিজ্ঞপ্তি

**উচ্চশিক্ষায় টেকসই উৎকর্ষ অর্জন বিষয়ক জাতীয়  
কর্মশালায় নোবিপ্রবি উপাচার্যের অংশগ্রহণ**

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) এর আয়োজনে ‘বাংলাদেশে উচ্চশিক্ষা রূপান্তর: টেকসই উৎকর্ষতার রোডম্যাপ’ শীর্ষক জাতীয় কর্মশালার উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (১২ মে ২০২৬) ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত দিনব্যাপী এ কর্মশালার উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী ড. আনাম হুসেইন মিলন এবং প্রধানমন্ত্রীর শিক্ষা বিষয়ক উপদেষ্টা ড. মাহদী আমিন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ। অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে অংশ নেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

এ প্রসঙ্গে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, বর্তমান বিশ্বের সাথে তাল মিলিয়ে বাংলাদেশের উচ্চশিক্ষাকে আরও যুগোপযোগী ও গবেষণাভিত্তিক করতে হবে। টেকসই উৎকর্ষ অর্জনে বিশ্ববিদ্যালয়গুলোকে জ্ঞানচর্চা, উদ্ভাবন এবং আন্তর্জাতিকীকরণে অধিক গুরুত্ব দেয়ার লক্ষ্যে ইউজিসি কর্তৃক আয়োজিত এ কর্মশালা একটি সমন্বিত পদক্ষেপ। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা এবং কর্মশালায় অংশগ্রহণকারী শিক্ষাবিদদের মতামতের ভিত্তিতে উচ্চশিক্ষার মানোন্নয়নে একটি বাস্তবসম্মত রোডম্যাপ তৈরিতে এ কর্মশালা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আমার বিশ্বাস।

প্রসঙ্গত, জাতীয় এ কর্মশালায় দিনব্যাপী পাঁচটি টেকনিক্যাল অধিবেশন অনুষ্ঠিত হবে। এসব অধিবেশনে গ্র্যাজুয়েটদের কর্মসংস্থান ও সফট স্কিল উন্নয়ন, শিল্প-একাডেমিয়া সহযোগিতা, উচ্চশিক্ষায় ডিজিটাল রূপান্তর ও কৃত্তিম বুদ্ধিমত্তার সংযোজন, শিক্ষকদের পেশাগত দক্ষতা বৃদ্ধি এবং প্রাতিষ্ঠানিক সুশাসন ও সংস্কার নিয়ে বিস্তারিত আলোচনা ও সুপারিশ প্রণয়ন করা হবে।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪